# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলী'র দপ্তর
সিলেট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, সিলেট।
www.bwdb.gov.bd

স্মারক নং-পাউবো/নিঃপ্রঃ/এলটিএম/এল-৬/ ৩৩৫ তারিখঃ-২৯-০৯-২০২৪খ্রিঃ।

**"সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, সিলেট দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ০৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৪-২৫ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্ত/নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা মহোদয়ের এর স্মারক নং-৪২.৩১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪, তারিখঃ ২০-০৭-২০২০ খ্রিঃ মোতাবেক ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়নের জন্য নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাবরক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, সিলেট এর অনুকূলে করতঃ অত্র দপ্তরের সাধারণ শাখায় দাখিলের মাধ্যমে সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়ন এর কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে নিম্ন ছকে বর্ণিত কাগজপত্রাদিসহ অত্র দপ্তরের সাধারণ শাখায় দাখিলের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি/নবায়ন ফরম বিক্রয় ও আবেদন গ্রহণ করা হবে না। উল্লেখ্য যে, LTM পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ৬৩(২) অনুসরণযোগ্যঃ-

**১। ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন ফরম বিক্রয় ও আবেদন গ্রহণের সময়সীমাঃ**

| ফরম বিক্রয় আরম্ভের তারিখ | ফরম বিক্রয়ের শেষ তারিখ | তালিকাভুক্তি/নবায়ন আবেদন গ্রহণের শেষ তারিখ |
|---|---|---|
| ০৬-১০-২০২৪খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা | ৩০-১০-২০২৪খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা | ৩১-১০-২০২৪খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা |

**১। ঠিকাদার তালিকাভুক্তি আবেদনের তফসিলঃ**

| | |
|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | ১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, ৩। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (কার্য-ন্যূনতম ২৫ লক্ষ টাকা এবং পণ্য- ৫ লক্ষ টাকা), ৪। জাতীয় পরিচয়পত্র ৫। পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি, ৬। অথোরাইজেশন লেটার। |
| তালিকাভুক্তিকরণ ফি | ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা ও ১৫% ভ্যাট বাবদ ৭৫০ (সাতশত পঞ্চাশ) টাকার অফেরতযোগ্য পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, সিলেট বরাবর। |

**২। ঠিকাদার নবায়নের তফসিলঃ**

| | |
|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | ১। নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ২। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ৩। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট |
| নবায়ন ফি | নবায়ন ফি ২০০০.০০ (দুই হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০.০০(তিনশত) টাকার অফেরতযোগ্য পৃথক দুটি পে-অর্ডার /ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, সিলেট বরাবর। |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃকপক্ষ (Procuring Entry) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতাবান এবং ঠিকাদার/সরবাহকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র (LTM) টেন্ডারে অংশগ্রহণের জন্য e-GP Registration থাকা আবশ্যক। তালিকাভুক্তি মানেই কাজ প্রদানের নিশ্চয়তা নয়।

স্বাক্ষরিত/-
(দীপক রঞ্জন দাশ)
নির্বাহী প্রকৌশলী
সিলেট পানি উন্নয়ন বিভাগ,
বাপাউবো, সিলেট।

স্মারক নং- পাউবো/নিঃপ্রঃ/এলটিএম/এল-৬/৩৩৫/১(৯) তারিখঃ- ২৯-০৯-২০২৪খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরন করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, সিলেট।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সেন্ট্রাল আইসিটি সেল, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা **(বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।**
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, সিলেট।
৭। উপ-বিভাগীয় প্রকৌশলী, সিলেট পানি উন্নয়ন উপ-বিভাগ-১/২/৩, বাপাউবো, সিলেট।
৮। উচ্চমান সহকারী, সিলেট পওর বিভাগ, বাপাউবো, সিলেট। (ঠিকাদার তালিকাভুক্তি করণের ফরম আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট যথানিয়মে বিতরণ এবং আবেদন পত্র সমূহ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য বলা হলো।)
৯। দপ্তর কপি।

29.9.24

নির্বাহী প্রকৌশলী
সিলেট পওর বিভাগ,
বাপাউবো, সিলেট।